গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
পার-২ অধিশাখা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

নং ৪৫.১৪৩.০২২.০০.০০.০০১.২০১৬-৪৪৮ তারিখঃ ২০.০৮.২০১৮খ্রিঃ

# ৩৬তম বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে নবনিয়োগপ্রাপ্ত চিকিৎসকগণের পদায়ন নীতিমালা, ২০১৮

১.০ নবনিয়োগপ্রাপ্ত চিকিৎসকগণের পদায়নঃ

১.১ স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় নব নিয়োগপ্রাপ্ত চিকিৎসকগণকে উপজেলা বা তদনিম্ন পর্যায়ের সমমানের শূন্য পদে পদায়ন করবে। পরবর্তীতে পদায়নকৃত সংশ্লিষ্ট চিকিৎসকগণ কর্মস্থলে অনুচ্ছেদ ২.১ এ বর্ণিত সময়কাল অতিক্রান্ত হওয়ার পর বদলি/পদায়ন ০৯.০৩.২০১৭ খ্রিঃ তারিখ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় জারিকৃত স্মারক নং ৪৫.১৪৩.০২২.০০.০০.০০১.২০১৬-১৫৭ এর আলোকে সম্পাদিত হবে।

১.২ যে সকল বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর আওতাধীন জেলাসমূহে চিকিৎসক সংকট বেশি রয়েছে সে সকল বিভাগে অগ্রাধিকার ভিত্তিতে চিকিৎসক পদায়ন করা হবে।

১.৩ নবনিয়োগের ক্ষেত্রে শূন্য পদ পূরণের জন্য প্রথমে পার্বত্য জেলা, দ্বীপাঞ্চল ও প্রত্যন্ত অঞ্চলে পদায়নের ব্যবস্থা নিশ্চিত করতে হবে (পার্বত্য জেলাসমূহ ব্যতিত দূর্গম উপজেলাসমূহ মন্ত্রিপরিষদ বিভাগের নং-মপবি/মাপ্রস/২(১৪৩)/২০০২-২০০৪-৪৯, তারিখঃ ১৯.০৪.২০০৪ এ বর্ণিত তালিকা অনুযায়ী নির্ধারিত)।

১.৪ পার্বত্য জেলা, দ্বীপাঞ্চল এবং দূর্গম উপজেলা বা তদনিম্ন পর্যায়ে পদায়নকৃত চিকিৎসকগণকে ০২(দুই) বছর দায়িত্বকাল অতিক্রম হবার পর উক্ত কর্মস্থল হতে প্রত্যাহারপূর্বক সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) অপেক্ষাকৃত সুবিধাজনক স্থানে পদায়ন করবেন। একই সাথে কোন চিকিৎসক প্রত্যাহৃত হবার পূর্বে পার্বত্য জেলা, দ্বীপাঞ্চল এবং দূর্গম উপজেলা পর্যায়ে অন্য চিকিৎসকগণের পদায়ন নিশ্চিত করবেন।

১.৫ বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে নির্দিষ্ট পদে পদায়ন করার পর স্বাস্থ্য অধিদপ্তর নব নিয়োগকৃত চিকিৎসকদের ৪ (চার) সপ্তাহ মেয়াদী প্রশিক্ষণের আয়োজন করবে। এই সময়কালে নবনিয়োগকৃত চিকিৎসকগণ এক সপ্তাহ জেলা সদর হাসপাতালে, তিন দিন সিভিল সার্জন কার্যালয়ে, অবশিষ্ট সময় কাল উপজেলা হেলথ কমপ্লেক্সে অফিস ব্যবস্থাপনা, হাসপাতাল ব্যবস্থাপনা, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা এবং পুষ্টি বিষয়ক কর্মসূচী বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করবেন। নবনিয়োগকৃত চিকিৎসকগণের সংগে ৩(তিন) দিন বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর দপ্তরে বিভাগীয় পর্যায়ের কর্মকর্তাগণ, ৩(তিন) দিন জেলা পর্যায়ের কর্মকর্তাগণ মত বিনিময় করবেন। বিভাগীয় পর্যায়ে এক দিন শুধুমাত্র আইসিটি, এমআইএস, টেলিমেডিসিন ও অটিজম বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২.০ নবনিয়োগপ্রাপ্ত চিকিৎসকদের বদলি / উচ্চতর ডিগ্রীঃ

২.১ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও তদনিম্ন পর্যায়ে ০৪(চার) বছর চাকরি পর পদ শূন্যতার ভিত্তিতে জেলা হাসপাতালে চিকিৎসকগণ পদায়নের সুযোগ পাবেন। নতুন নিয়োগপ্রাপ্ত দন্ত চিকিৎসকদের প্রথমে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এ পদায়ন করা হবে। ০৪(চার) বছর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পদায়ন থাকার পর শুন্যতার ভিত্তিতে দন্ত চিকিৎসকগণকে জেলা পর্যায়ের হাসপাতালে পদায়ন করা যেতে পারে।

২.২ উপজেলা বা তদনিম্ন পর্যায়ে ০৪(চার) বছর চাকরি করার পর নবনিয়োগপ্রাপ্ত চিকিৎসকগণ এমডি/এমএস/এফসিপিএস/এমপিএইচ/ডিপ্লোমা বা সমমানের উচ্চতর কোর্স করার সুযোগ পাবেন। তবে প্রচলিত নিয়ম অনুযায়ী মোট পদের ১০% চিকিৎসকের অধিক উচ্চতর ডিগ্রি করার জন্য দীর্ঘদিন ছুটি দেয়া হবে না।

২.৩ এনাটমি, ফিজিওলজি, ফার্মাকোলজি, বায়োকেমিস্ট্রি, মাইক্রোবায়োলজি, প্যাথলজি, কমিউনিটি মেডিসিন ও ফরেনসিক মেডিসিন বিষয়ে এমএস/এমফিল/সমমানের ডিগ্রী অর্জনকারী নব নিযুক্ত চিকিৎসককে মেডিকেল কলেজে পদায়ন করা যেতে পারে। বর্ণিত বিষয়সমূহ ব্যতীত অন্য কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অর্জনকারীগণ এ শর্তের সুবিধা প্রাপ্ত হবেন না। সংশ্লিষ্ট বিষয়ে পদ খালি না থাকলে অন্য বিষয়ের পদের বিপরীতে এ ধরনের পদায়ন করা যাবে না।

২.৪ এ্যানেসথেসিয়া বিষয়ে এমডি/এফসিপিএস/ডিএ/সমমানের ডিগ্রি অথবা ন্যূনতম এক বছরের প্রশিক্ষণ প্রাপ্ত চিকিৎকগণকে উপজেলা পর্যায়ের নিম্নে পদায়ন করা যাবে না।

২.৫ স্বামী-স্ত্রী সরকারি চাকুরিজীবী হলে বিধি মোতাবেক একই কর্মস্থলে পদায়নের বিষয় বিবেচনা করা যেতে পারে।

স্বাক্ষরিত/-
(মোঃ সিরাজুল হক খান)
সচিব

নং ৪৫.১৪৩.০২২.০০.০০.০০১.২০১৬-৪৪৮/১(১৪) তারিখঃ ২০.০৮.২০১৮ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবাল কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। যুগ্ম-সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৬। যুগ্মসচিব (পার-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। উপসচিব (পার-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। পরিচালক (প্রশাসন/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯। পরিচালক (স্বাস্থ্য), ঢাকা / চট্টগ্রাম / রাজশাহী / খুলনা / বরিশাল / সিলেট / রংপুর / ময়মনসিংহ।
১০। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১১। সিনিয়র সহকারী সচিব (চিশি-১/চিশি-২/প্রশাসন-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৪। গার্ড ফাইল।

২০.০৮.১৮

(মইনউদ্দিন আহ্‌মদ)
যুগ্মসচিব